মেহেরপুর শহর সমাজ সেবার নবনির্বাচিত কমিটি ও প্রশিক্ষণার্থীদের অভিষেক

মেহেরপুর শহর সমাজ সেবা কার্যালয়ের নবনির্বাচিত সমন্বয় পরিষদ এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের ৩১তম ব্যাচের প্রশিক্ষনার্থীদের অভিষেক, নবীন বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
গতকাল বুধবার বিকেলে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীতে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।
অনুষ্ঠানে মেহেরপুর সমাজ সেবা কার্যালয়ের সহকারী পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বীর সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শহর সমন্বয় পরিষদের সভাপতি মোঃ আমিনুল ইসলাম খোকন, সহ-সভাপতি রাহিনুরজামান পলেন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ জেলা শাখার আহবায়ক প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, আইন বিষযক সম্পাদক অ্যাড. পল্লব ভট্টাচার্য্য, দপ্তর সম্পাদক মোখলেসুর রহমান, সহ-প্রচার সম্পাদক শাশ্বত নিপ্পন।
শহর সমাজসেবা কর্মকর্তার সঞ্চালনায় অনুষ্ঠানে নবীনদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়।

আলমডাঙ্গায় আওয়ামী লীগ প্রার্থীর বিভিন্ন ওয়ার্ডে মতবিনিময়

আলমডাঙ্গা পৌর নির্বাচন উপলক্ষে মেয়র প্রার্থী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনুর নির্বাচনী মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সন্ধ্যা ৭টার দিকে ৮ নং ওয়ার্ড হরিতলা ও রাত ৮টার দিকে মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় হল রুমে

শহরের ৭ নম্বর ওয়ার্ডে এই নির্বাচনী মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। নির্বাচনী মতবিনিময় সভায় পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকারের উপস্থাপনায় উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলি মাস্টার, যুগ্ম-সম্পাদক রবিউল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি লিয়াকত আলি লিপু মোল্লা, সাংগঠনিক সম্পাদক আতিয়ার রহমান, কাজী খালেদুর রহমান অরুন, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, পৌর আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক সাইফুল ইসলাম পিন্টু, সাবেক পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, ঠান্টু, সোহেল রানা শাহিন, পৌর ছাত্রলীগের যুগ্ম-সম্পাদক পারভেজ মিডেল, কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল ইসলাম, যুগ্ম-সম্পাদক হাসানুজ্জামান, রাকিব আহমেদ রকি, আব্দুল্লাহ আল সাকিব, টিটন, আসিফ ইকবাল অটল, সজিব প্রমুখ।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ৭নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন।

দামুড়হুদার জয়রামপুরে স’মিলে ভ্রাম্যমাণ আদালতের অভিযান

দামুড়হুদা উপজেলার জয়রামপুর গ্রামের দুটি স’মিলে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়েছে। গতকাল বুধবার বিকাল সাড়ে ৪ টার সময় এ ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।
এ সময় জয়রামপুরের স’মিল ব্যবসায়ী আব্দুল খালেককে লাইসেন্স না থাকায় স্থানীয় সরকার ইউনিয়ন আইন ২০০৯ এর আওতাধীন ২ হাজার টাকা জরিমানা করা হয় এবং অপর স’মিল মালিককে পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশে রেখে কাজ করার জন্য সর্তক করা হয়।
ভ্রাম্যমাণ আদালতটি পরিচালনা করেন দামুড়হুদা উপজেলার নির্বাহী ম্যাজিস্ট্রেট (ভূমি) সুদিপ্ত কুমার সিংহ। আদালতে সহযোগিতা করেন পেশকার জিহন আলী এবং পুলিশের এএসআই মসলেমসহ চৌকস পুলিশ টিম।

আলমডাঙ্গায় চেক ডিজঅনার মামলার সাজাপ্রাপ্ত আসামি ইউপি সদস্য গ্রেফতার

আলমডাঙ্গায় চেক ডিজঅনার মামলায় ১ বছরের সাজাপ্রাপ্ত আসামি ইউপি সদস্য সাইদকে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল বুধবার রাতে তাকে তার বাড়ি থেকে গ্রেফতার করা হয় ।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের কেদাননগর গ্রামের এক মহিলাকে চাকরি দেবার নাম করে টাকা গ্রহণ করে বকশিপুর গ্রামের নুরুল ইসলামের ছেলে বর্তমান ইউপি সদস্য সাইদ হাসান।

চাকরি না দিয়ে ঘুরাতে থাকলে ওই নারী টাকা ফেরত চান। এক পর্যায়ে সাইদ তাকে একটি চেক প্রদান করেন। চেকটি নিয়ে ব্যাংকে গেলে ওই একাউন্টে কোন টাকা না থাকায় ব্যাংক তাকে ফিরিয়ে দেন।

গত ২০১৯ সালে চুয়াডাঙ্গা জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে চেক ডিজ অনার মামলা দায়ের করেন ওই নারী। এ মামলায় আদালত সাঈদ মেম্বারকে ১ বছরের সাজা প্রদান করে। সাজাপ্রাপ্ত আসামি হিসেবে থানার এসআই আমিনুল সঙ্গীয় ফোর্সসহ তাকে গ্রেফতার করে। গতকাল তাকে জেলা কারাগারে প্রেরণ করা হয়েছে।

কুষ্টিয়ায় ‘বন্ধু’ সংগঠনের সেলাই মেশিন বিতরণ

কুষ্টিয়ায় অস্বচ্ছল নারীদের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার দুপুরে শহরের ৬ নং সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এসব সেলাই মেশিন হস্তান্তর করা হয়। “এসো একসাথে রাখি হাত” স্লোগানে কুষ্টিয়ার ‘বন্ধু’ সংগঠন দুস্থ অসহায় পরিবার পুনর্বাসন প্রকল্পের আওতায় তিনটি অসহায় দরিদ্র পরিবারকে স্বাবলম্বী করে

তুলতে এসব সেলাই মেশিন বিতরণ করে। বন্ধু সংগঠনের অন্যতম সদস্য রোটারীয়ান ওবায়দুর রহমানের সভাপতিত্বে এ সময় বন্ধু সংগঠন, কুষ্টিয়ার আঞ্চলিক প্রতিনিধি মোঃ মিজানুর রহমান কলিন, মোঃ মেহেদী হাসান, মোঃ মামুনুর রহমান মামনু, মোঃ শফিকুর রহমান টনা, শেখ মোঃ আবু হায়দার লিপু ও মোঃ আশরাফুল ইসলাম টিটু, এ্যাডভোকেট শেখ আজিজ আহমেদ পলাশ প্রমুখ উপস্থিত ছিলেন।
সেলাই মেশিন পেয়ে বিধবা আফরোজা খাতুন বলেন- আমার স্বামীর অসুস্থতার কারণে সংসারের উপার্জন করার মতো অবস্থা নেই। বর্তমানে কোন রকম খেয়ে না খেয়ে বেঁচে আছি। এখন আমাকে দেয়া সেলাই মেশিন দিয়ে কিছুটা হলেও আয় করে সংসার চালাতে পারবো।
বন্ধু সংগঠনের অন্যতম সদস্য রোটারীয়ান ওবায়দুর রহমান বলেন, বিদেশে অবস্থানরত বন্ধুদের সহযোগিতা ও পরিচালনায় একটি অলাভজনক প্রতিষ্ঠান হিসেবে ‘বন্ধু’ সংগঠন করেছি। আমরা এই সংগঠনের মাধ্যমে সমাজের উন্নয়নে কাজ করে যাচ্ছি। এর আগে শীতার্তদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করেছি। আজকে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে এবং এই কার্যক্রম অব্যাহত থাকবে।

চুয়াডাঙ্গায় ৪ ভাটায় ১ লক্ষ ৯০ হাজার টাকা জরিমানা

নির্মাণ সামগ্রীর অন্যতম উপাদান হলো ইট। ইট ছাড়া রাস্তা-ঘাট, ইমারতের অবকাঠামো করা দুস্কর। সেই ইটেও চলছে কারসাজি আর ফাঁকিবাজি। ইটের আকার কারসাজি করে ছোট করা হচ্ছে। তবে তা প্রয়োজনের তাগিদে নয়, ব্যবসায়ীদের অতি মুনাফার লোভে ছোট করা হচ্ছে ইটের আকার ।
এতে ২৫ শতাংশ পর্যন্ত ঠকছেন ক্রেতা। ইটের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতায় ১ থেকে ৪ সেন্টিমিটার পর্যন্ত কমিয়ে দিচ্ছেন ইটভাটার মালিকেরা।
সম্প্রতি জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে এমন প্রতারণা ধরা পড়েছে। এ অপরাধের কারণে চুয়াডাঙ্গা সদর ও আলমডাঙ্গায় ৪ ভাটা মালিককে নির্ধারিত পরিমাপ থেকে ছোট পরিমাপের ইট তৈরি ও মূল্য তালিকা প্রদর্শন না করায় ১ লক্ষ ৯০ হাজার টাকা

জরিমানা করা হয়েছে ।
গতকাল বুধবার দিনব্যাপী অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলার ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহকারি পরিচালক সজল আহমেদ।

এ সময় চুয়াডাঙ্গা সদর ও আলমডাঙ্গা উপজেলার নীলমনিগঞ্জ, মুন্সিগঞ্জ ও পারদূর্গাপুর এলাকায় ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়।
অভিযানে নির্ধারিত পরিমাপ থেকে ছোট পরিমাপের ইট তৈরি ও মূল্যতালিকা প্রদর্শন না করায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৩৮, ৪৮ ধারায় মেসার্স এম, এ, এম ব্রিকসের মালিক নান্নু মিয়াকে ৭০ হাজার টাকা, মেসার্স এ, ডি ব্রিকসের মালিক সেলিম চেয়ারম্যানকে (সাবেক) ৪৮ ধারায় ৫০ হাজার টাকা, মেসার্স টি এন ব্রিকসের মালিক পাপন মিয়াকে ৩৮,৪৮ ধারায় ৩০ হাজার টাকা এবং মেসার্স এম এস ব্রিকসের মালিক মতিয়ার রহমান বাবুকে ৩৮,৪৮ ধারায় ৪০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানের সময় উপস্থিত জনসাধারণকে ভোক্তা অধিকার বিষয়ে সচেতন করা হয়।
অভিযানে সহযোগিতায় ছিলেন চুয়াডাঙ্গা জেলা ক্যাবের সাধারণ সম্পাদক জনাব মোঃ বিল্লাল হোসেন ও চুয়াডাঙ্গা পুলিশ।
ছবি-৫

মেহেরপুরে ডেঙ্গু ও করোনা প্রতিরোধে কর্মশালা

মেহেরপুরে ডেঙ্গু ও করোনা ভাইরাস প্রতিরোধে এক দিনের কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার মেহেরপুর সিভিল সার্জন সম্মেলন কক্ষে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা সিভিল সার্জন অফিসের বাস্তবায়নে লাইফস্টাইল, হেলথ এডুকেশন এন্ড প্রোমোশন স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর আয়োজনে সিভিল সার্জন অফিস মিলনায়তনে করোনা ভাইরাস ও ডেঙ্গু প্রতিরোধ

বিষয়ে সচেতনতা সম্পর্কিত সাংবাদিকদের সাথে একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ভারপ্রাপ্ত সিভিল সার্জন ডাঃ অলোক কুমার দাসের সভাপতিত্বে কর্মশালায় বক্তব্য রাখেন, মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডাঃ মকলেছুর রহমান ।
এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আজম, সাধারণ সম্পাদক মাহবুব চান্দুসহ দুই প্রেস ক্লাবের সাংবাদিকবৃন্দ।

আলমডাঙ্গার পারকেষ্টপুরে পিকআপের ধাক্কায় একজন নিহত

বড়া খেয়ে বাড়ি ফেরা হলো না পারকেষ্টপুর গ্রামের তুফান আলির। গতকাল বুধবার সন্ধ্যা ৬ টার দিকে পিকআপের ধাক্কায় নিহত হন তিনি। এ ঘটনায় পিকআপ গাড়ির ড্রাইভার ও হেলপারকে আটক করেছে পুলিশ। জানাগেছে, আলমডাঙ্গার উপজেলার খাদেমপুর ইউনিয়নের পারকেষ্টপুর গ্রামের মৃত মসলেম উদ্দীনের ছেলে তুফান সন্ধ্যার দিকে মুন্সিগঞ্জ গো-হাটের গোবিন্দপুর মোড়ে বড়া খেতে যায়।
বড়া খেয়ে সন্ধ্যা ৬ টার দিকে সে বাইসাইকেল যোগে বাড়ি ফিরছিলো। এ সময় চুযাডাঙ্গা থেকে মালবাহী পিকআপ গাড়ি তুফানের সাইকেলকে ধাক্কা দিলে সে রাস্তার উপরে ছিটকে পড়ে।
রাস্তায় পড়ে গুরুতর আহত হলে এলাকাবাসী তুফানকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে। তুফান চিকিৎসাধীন অবস্থায় সদর হাসপাতালে মারা যায়।
এ দুর্ঘটনায় মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশ পিকআপ গাড়িসহ চালক ঝিনাইদহ জেলার হামদাহ এলাকার মতিয়ার রহমানের ছেলে মিলন ও হেলপার একই গ্রামের সাবু আলির ছেলে আলমঙ্গীরকে আটক করে ফাঁড়ি হেফাজতে রাখে। তুফানের অকাল মৃত্যুর ঘটনায় এলাকাজুড়ে শোকের ছায়া নেমে আসে।

নৌকায় ভোট না দিলে সেন্টারে যাওয়া নিষেধ-ইউপি চেয়ারম্যান মোহাম্মদ আলী

আগামী ৩০ জানুয়ারি ৩য় ধাপের পৌরসভা নির্বাচনে ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচনকে কেন্দ্র করে স্বতন্ত্র মেয়র প্রার্থীর সমর্থককে ভোট সেন্টারে যেতে নিষেধ করার অভিযোগ উঠেছে উপজেলার ইউপি চেয়ারম্যান মোহাম্মদ আলী’র বিরুদ্ধে।
নির্বাচনের আচরণ বিধি লঙ্ঘন করে গত মঙ্গলবার উপজেলার ৪নং দৌলতপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোহাম্মদ আলী, নিজে ভোট চাইতে এসে স্বতন্ত্র প্রার্থীর সমর্থককে হুমকি ও ভয়-ভীতি প্রদর্শন করেছে বলে জানা গেছে।
পৌরসভার ২নং ওয়ার্ডের পার্বতীরপুর গ্রামের নবাই শেখের ছেলে ভোটার শফিউদ্দিন শেখকে এই ভয়-ভীতি দেখিয়ে ভোট সেন্টারে যেতে নিষেধ করা হয়েছে বলে জানিয়েছে। শফিউদ্দিন শেখ জানান, চেয়ারম্যান মোহাম্মদ আলী বুড়ো আমাকে তার পছন্দের প্রার্থী ফারুক হোসেনকে নৌকা মার্কায় ভোট দিতে বললে আমি তাকে বলি আমার নিজ গ্রামে যেহেতু প্রার্থী রয়েছে, তাছাড়া তিনি আমাদের অনেক উপকার করেন, আমি তাকেই ভোট দেবো। এ কথা বলার পর চেয়ারম্যান আমাকে ধাক্কা দিয়ে ভোট সেন্টারে যেতে নিষেধ করেন এবং অসুবিধা হবে বলেও জানিয়েছেন। এ ব্যাপারে স্বতন্ত্র মেয়র প্রার্থী সাইফুল ইসলাম টিপু মল্লিক বলেন, পূর্বেও নৌকার প্রার্থী ফারুক হোসেন ও তার বহিরাগত ভাড়াটিয়া বাহিনী আমার কর্মীদের ভয়-ভীতি দেখিয়েছে, আমি সেটি প্রশাসনকে অবহিত করেছি। আমার নির্বাচনী প্রচার গাড়ির ড্রাইভারকে হুমকি দেখিয়ে মাইকের তার ছিড়ে ফেলেছে, পরে প্রশাসনের হস্তক্ষেপে সেটি ফেরৎ দিয়েছে। সে আমার এলাকার নিরীহ ভোটারদের ভয়-ভীতি দেখাচ্ছে, বিষয়টি নিয়ে আমি প্রশাসনের হস্তক্ষেপ কামনা করছি। স্থানীয় ভোটাররা জানান, পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে বিষয়টি জেনেছেন।

[redacted]

[redacted]